দৈনিক ইনকিলাব

তারিখ AUG 2 0 2006 পৃষ্ঠা ৪২ কলাম ৭

কর্মসূচী ঘোষণার তারিখ ২১ আগস্ট পর্যন্ত বর্ধিত

# শিক্ষামন্ত্রীর সাথে বেফাক নেতৃবৃন্দের বৈঠক

**স্টাফ রিপোর্টার**

কওমী সনদের স্বীকৃতি বেফাকের মাধ্যমে দেয়ার জন্য এবং প্রধানমন্ত্রীর সম্মেলন কক্ষে আগামীকাল ২১ আগস্ট অনুষ্ঠিতব্য ওলামা মাশায়েখদের *২-এর পৃঃ ৮-এর কঃ দেখুন*

## শিক্ষামন্ত্রীর সাথে বেফাক

*১২-এর পৃষ্ঠার পর*

বৈঠকে যোগদানের প্রাকবৈঠকে শিক্ষামন্ত্রী ওসমান ফারুকের সাথে বেফাক নেতৃবৃন্দের আলোচনা ফলপ্রসূ হয়েছে। এ পর্যায়ে বেফাক নেতৃবৃন্দ আন্দোলনের কর্মসূচী ঘোষণার তারিখ ২১ আগস্ট পর্যন্ত স্থগিত করেছে। কওমী মাদ্রাসা সনদের স্বীকৃতি নিয়ে আগামী ২১ আগস্ট প্রধানমন্ত্রীর সম্মেলন কক্ষে ওলামায়ে কেরামের যে বৈঠক অনুষ্ঠিত হবে সে বৈঠকে যোগদানের জন্য বেফাক নেতৃবৃন্দ গতকাল শিক্ষামন্ত্রীর নিকট তাদের দাবীসমূহ তুলে ধরেন। শিক্ষামন্ত্রী নেতৃবৃন্দের দাবীসমূহ মনোযোগ সহকারে শুনেন। মন্ত্রী নেতৃবৃন্দকে বলেন, বেফাকের দাবীসমূহ প্রধানমন্ত্রীর কাছে পৌছাবেন। এ পর্যায়ে বেফাক নেতৃবৃন্দ তাদের দেয়া কঠিন আন্দোলনের কর্মসূচীর সময়সীমা ২৪ ঘন্টার পরিবর্তে আগামীকাল ২১ আগস্ট পর্যন্ত বর্ধিত করেছে। ২১ তারিখের সভায় দাবীসমূহ যথাযথ পূরণ না হলে ২১ তারিখের পর আন্দোলনের কর্মসূচী ঘোষণা করবে।

শিক্ষামন্ত্রীর সাথে তার বাসভবনে অনুষ্ঠিত বৈঠকে বেফাক নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন মাওলানা আশ্রাফ আলী (সহ-সভাপতি), মুফতী ফজলুল হক আমিনী এমপি, সহ-সভাপতি, মুফতী মোহাম্মদ ওয়াক্কাস এমপি সহ-সভাপতি, মাওলানা রুহুল আমিন সহ-সভাপতি, মাওলানা আব্দুল জব্বার মহাসচিব, মাওলানা আবুল ফাতাহ সহকারী মহাসচিব, মাওলানা আব্দুল কুদ্দুস কোষাধ্যক্ষ, মাওলানা সৈয়দ মাসউদ সহ-কোষাধ্যক্ষ, মাওলানা মাহবুবুর রহমান সাংগঠনিক সম্পাদক, মাওলানা রুহুল আমীন খান সদস্য ও মাওলানা নূরুল আমীন সদস্য।

বৈঠকে নেতৃবৃন্দ বেফাকের পক্ষ থেকে কওমী মাদ্রাসা সনদের সরকারী স্বীকৃতি একমাত্র এ বোর্ডের মাধ্যমেই দেয়ার দাবী জানান। তারা বলেন, বেফাকুল মাদারিসিল আরাবিয়াই হচ্ছে কওমী মাদ্রাসাসমূহের একমাত্র জাতীয় প্রতিষ্ঠান, অন্য আঞ্চলিক সংস্থাসমূহ এর সঙ্গে জড়িত, বেফাকের অধীনেই পরীক্ষাগুলোতে তারা সহযোগিতা করে যাচ্ছে, তাছাড়া সংস্থাসমূহের কর্মকর্তারা বেফাকের কেন্দ্রীয় কমিটিতে রয়েছেন। ইতিপূর্বে সকল আঞ্চলিক সংস্থাগুলোর সম্মতিক্রমে গত ৩ জুলাই/০৫ তারিখে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সাথে দেখা করে বেফাকের একটি প্রতিনিধি দল কওমী মাদ্রাসা সনদের স্বীকৃতি দাবীতে স্মারকলিপি